

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি কলেজ শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং ওএম-৩৭/সি-২(অংশ-১)/২০০৭/১৪৯৩

তারিখ: ০২/০৭/২০১৯

জরুরী নোটিশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল সরকারি প্রতিষ্ঠান/কলেজের পরিচালক/অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অনেক কর্মকর্তা বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা পদে বিভিন্ন প্রতিষ্ঠান/কলেজে ইনসিটু/সংযুক্ত হিসেবে কর্মরত আছেন। সে সকল কর্মকর্তাগণের পদায়নের প্রক্রিয়া জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে বিধায় College Management Information System (CMIS) সফ্টওয়ারে সকল পর্যায়ের কর্মকর্তাগণের শৃঙ্গপদের তথ্যাদি আপডেট থাকা জরুরী।

এমতাবস্থায়, পদায়নের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করণের লক্ষ্যে College Management Information System (CMIS) সফ্টওয়ারে বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের পিডিএস আপডেটসহ সৃষ্টি ও শূন্য পদের তথ্যাদি ০৪/০৭/২০১৯ তারিখের মধ্যে হালনাগাদ করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, College Management Information System (CMIS) সফ্টওয়ারে কলেজের সৃষ্টি এবং শৃঙ্গ পদের তথ্যাদি হালনাগাদ না থাকার ফলে পদায়ন সংক্রান্ত কোন জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ দায়ী থাকবেন।

বিষয়টি অঙ্গীকৃত জরুরী।

(ড. শাহ মো: আমির আলী-৪৭৪১)

উপপরিচালক (কলেজ-১)

ফোন: ৯৫৫৮৫০৫

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ----- (সকল)।
- ৩। সংরক্ষণ নথি।